

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম কল্যাণ কেন্দ্র, টাঙ্গী, গাজীপুর
ই-মেইলঃ-lwctongigazipur@gmail.com

শ্রম কল্যাণ কেন্দ্র, টাঙ্গী, গাজীপুরের ১৫/০৩/২০২০ তারিখের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ডাঃ ফেরদৌস আক্তার, সিনিয়র মেডিকেল অফিসার (চঃদাঃ)

সভার তারিখঃ ১৫/০৩/২০২০ খ্রি.

সভার সময়ঃ দুপুর ০৩.০০ ঘটিকা

স্থানঃ সিনিয়র মেডিকেল অফিসারের অফিস কক্ষে

উপস্থিতিঃ শ্রম কল্যাণ কেন্দ্রের সকল কর্মকর্তা/কর্মচারী

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে অফিসের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার ক্ষেত্রে সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। সভায় বিভিন্ন বিষয় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। বিষয় ও আলোচনাঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন সংক্রান্ত।

সিদ্ধান্তঃ (ক) কর্মপরিকল্পনা অনুযায়ী মার্চ/২০২০ মাসের সকল অনুষ্ঠান সুষ্ঠুভাবে পালন করা হবে।

বাস্তবায়নকারীঃ এই দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী।

০২। বিষয় ও আলোচনাঃ মহান মে দিবস/২০২০ পালন

সিদ্ধান্তঃ শ্রম অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক মহান মে দিবস যথাযথভাবে পালন করা হবে।

বাস্তবায়নকারীঃ এই দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী।

০৩। বিষয় ও আলোচনাঃ চাকুরী আইন- ২০১৮ এবং নিয়মিত উপস্থিতি আইন-২০১৯ বিষয়ে প্রশিক্ষণ।

সিদ্ধান্তঃ (ক) এই দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ব-উদ্যোগে চাকুরী আইন ২০১৮ এবং নিয়মিত উপস্থিতি আইন-২০১৯ বিষয়ে জানতে হবে।

(খ) উল্লিখিত আইন সবাইকে যথাযথভাবে অনুসরণ করতে হবে।

বাস্তবায়নকারীঃ এই দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী।

০৪। বিষয় ও আলোচনাঃ স্বাবর-অস্বাবর সম্পত্তির হালনাগাদ তথ্য ও নামজারি প্রসংগে।

সিদ্ধান্তঃ (ক) শ্রম কল্যাণ কেন্দ্র, টাঙ্গী, গাজীপুর এর স্বাবর সম্পত্তির প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ প্রসংগে শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের দপ্তরে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে যার স্মারক নং-৪০.০২.০০০০.৪০২.৯৯.০০৮.১৯.১৩, তারিখঃ ২৬/০১/২০২০ খ্রি.। উক্ত চিঠির সর্বশেষ অগ্রগতি পর্যবেক্ষণ করতে হবে।

বাস্তবায়নকারীঃ এই দপ্তরের স্বাবর সম্পত্তির নামজারি বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আবু সাঈদ, অফিস সহকারী-কাম-কম্পিউটার-মুদ্রাঙ্করিক।

০৫। বিষয় ও আলোচনাঃ ই-নথি সম্পর্কিত আলোচনা।

সিদ্ধান্তঃ সকল দাপ্তরিক ডাক ও নথির ক্ষেত্রে ১০০% ই-নথিতে কাজ করতে হবে।

বাস্তবায়নকারীঃ এই দপ্তরের ডাঃ ফেরদৌস আক্তার(সিনিয়র মেডিকেল অফিসার), আবু সাঈদ (অফিস সহকারী-কাম-কম্পিউটার-মুদ্রাঙ্করিক) ও মোঃ দুলাল হোসেন (শ্রম কল্যাণ সংগঠক)।

০৬।বিষয় ও আলোচনাঃ এই দপ্তরের পরিচ্ছন্নতা কর্মী জনাব মিঠুন বাসফর এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রসংগে।

সিদ্ধান্তঃ (ক) উল্লেখিত বিষয়ে শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে প্রেরিত কারণ দর্শানো নোটিসের জবাবে এই কেন্দ্রের পরিচ্ছন্নতা কর্মী জনাব মিঠুন বাসফর যে অজীকার করেছেন তার প্রেক্ষিতে ফেব্রুয়ারি/২০২০ মাসের বেতন ভাতা পাওয়ার পর বিজয় হরিজন দাস কে নগদে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) পরিশোধ করেছেন এবং অবশিষ্ট টাকা তিনি ১০/০৪/২০২০ তারিখে মध्ये পরিশোধ করবেন।

বাস্তবায়নকারীঃ জনাব মিঠুন বাসফর, পরিচ্ছন্নতা কর্মী, এই দপ্তর।

০৭।বিষয় ও আলোচনাঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন প্রসংগে।

সিদ্ধান্তঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে প্রদত্ত টার্গেট শতভাগ অর্জন করতে হবে।

বাস্তবায়নকারীঃ এই দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী।

পরিশেষে সভাপতি মহোদয় শ্রম কল্যাণ কেন্দ্রের কার্যক্রমকে আরো ত্বরান্বিত করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ardous Akter

(ডাঃ ফেরদৌস আক্তার)

সিনিয়র মেডিকেল অফিসার (চঃদাঃ)

শ্রম কল্যাণ কেন্দ্র, টঞ্জী, গাজীপুর

ফোনঃ ৯৮১০৩০৮